LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

বুধবার, ৬ই জুন , ২০১৮ ইং

বারাকা পাওয়ারের প্রেফারেন্স শেয়ার বাতিল করেছে বিএসইসি

কোম্পানির উদ্যোক্তা-পরিচালকদের কাছে সম্মিলিতভাবে ৩০ শতাংশ শেয়ার না থাকার কারণে বারাকা পাওয়ার লিমিটেডের প্রেফারেন্স (অগ্রাধিকার) শেয়ার ইস্যুর প্রস্তাব বাতিল করেছে নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি)। কোম্পানির আর্থিক প্রয়োজন মেটাতে গত বছরের অক্টোবরে ১০ টাকা অভিহিত মূল্যে আট কোটি প্রেফারেন্স শেয়ার ইস্যু করে বাজার থেকে ৮০ কোটি টাকা সংগ্রহের সিদ্ধান্ত নিয়েছিল কোম্পানিটির পর্ষদ। ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই) সূত্রে জানা যায়, বারাকা পাওয়ারের প্রেফারেন্স শেয়ার ইস্যুর আবেদন অনুমোদন না করার বিষয়টি গত ৩১ মে বিএসইসির পক্ষ থেকে চিঠির মাধ্যমে কোম্পানি কর্তৃপক্ষকে অবহিত করা হয়। বর্তমান বিধি অনুসারে কোম্পানির উদ্যোক্তা-পরিচালকরা সম্মিলিতভাবে মোট পরিশোধিত মূলধনের ৩০ শতাংশ শেয়ার ধারণ না করলে তাদের মূলধন উত্তোলনের পুনঃপ্রচেষ্টা অনুমোদন করছে না বিএসইসি। বর্তমানে বারাকা পাওয়ারের উদ্যোক্তা-পরিচালকদের কাছে কোম্পানির মাত্র ১৮ দশমিক ৯৩ শতাংশ শেয়ার রয়েছে। তাই বিএসইসি কোম্পানিটির প্রেফারেন্স শেয়ার ইস্যুর আবেদন নাকচ করেছে। http://bonikbarta.net

সূচক উর্ধ্বমুখী তবে লেনদেন কমে গেছে

টানা অধোগতির পর কিছুটা বাড়তে শুরু করেছে শেয়ারবাজারের মূল্যসূচক। আগের দিন ব্লু-চিপ ও শরিয়াহ সূচক কিছুটা বাড়লেও পয়েন্ট হারিয়েছিল প্রধান সূচক। গতকাল সপ্তাহের তৃতীয় কার্যদিবসে দেশের উভয় স্টক এক্সচেঞ্জের সবক'টি মূল্যসূচকে পয়েন্ট যোগ হয়েছে। তবে বিনিয়োগকারীদের আত্মবিশ্বাস কম থাকায় ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) লেনদেন আগের দিনের চেয়ে কমে গেছে। বাজার পর্যবেক্ষণে দেখা যায়, দিনের শুরুতে লেনদেনে কিছুটা মন্দাভাব দেখা গেলেও সময় বাড়ার সঙ্গে সঙ্গে তা উর্ধ্বমুখী প্রবণতায় ফেরে। দিন শেষে অধিকাংশ সিকিউরিটিজের দর বেড়েছে দুই স্টক এক্সচেঞ্জেই। ডিএসইর ব্রড ইনডেক্স ডিএসইএক্স ৩৩ দশমিক শূন্য ৯ পয়েন্ট বা দশমিক ৬২ শতাংশ বেড়ে দাঁড়ায় ৫ হাজার ৩৪৬ দশমিক ৮ পয়েন্টে। ৭ দশমিক ৪২ পয়েন্ট বা দশমিক ৩৮ শতাংশ বেড়ে ১ হাজার ৯৮০ দশমিক ৪৩ পয়েন্টে উঠেছে স্টক এক্সচেঞ্জটির ব্লু-চিপ সূচক ডিএস ৩০। এদিকে ৮ দশমিক শূন্য ২ পয়েন্ট বা দশমিক ৬৫ শতাংশ বেড়ে ১ হাজার ২৪৩ দশমিক শূন্য ৪ পয়েন্টে অবস্থান করছে শরিয়াহ সূচক ডিএসইএস। http://bonikbarta.net

এসডিজি বাস্তবায়নের জন্য রাজস্ব আহরণ বাড়াতে হবে

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থায়নের জন্য নিজস্ব উৎসের ওপরই জোর দিতে হবে। এক্ষেত্রে রাজস্ব আদায়ের ওপর বিশেষ গুরুত্ব দিয়েছেন অর্থনীতিবিদ ও বিশেষজ্ঞরা। গতকাল বেসরকারি গবেষণা সংস্থা সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) আয়োজিত এক সংলাপে এমন মত উপস্থাপন করেন তারা। রাজধানীর ব্র্যাক সেন্টারে 'ফিন্যান্সিং ফর এসডিজিস ইমপ্লিমেন্টেশন ইন এশিয়া-প্যাসিফিক রিজিওন' শীর্ষক সংলাপের আয়োজন করে সিপিডি। আলোচ্য বিষয়ে প্রেজেন্টেশন তুলে ধরেন ইউএনএসক্যাপের ম্যাক্রোইকোনমিক পলিসি অ্যান্ড ফিন্যান্সিং ফর ডেভেলপমেন্ট ডিভিশনের ইকোনমিক অ্যাফেয়ার্স অফিসার ভ্যাচারিন সিরিমানিথাম। সংলাপে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রীর এসডিজি বাস্তবায়ন-বিষয়ক মুখ্য সমন্বয়ক আবুল কালাম আজাদ। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা মির্জ্জা আজিজুল ইসলাম, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের

(ইআরডি) সচিব কাজী শফিকুল আযম এবং সিপিডির সম্মাননীয় ফেলো ড. দেবপ্রিয় ভট্টাচার্য ও মোস্তাফিজুর রহমান। http://bonikbarta.net

ঋণের সদ্ব্যবহার নিশ্চিত করার নির্দেশ কেন্দ্রীয় ব্যাংকের

ঋণের সদ্ব্যবহার নিশ্চিত করতে ২০১৭ সালে ‘ক্রেডিট রিস্ক ম্যানেজমেন্ট গাইডলাইন্স’ নামে একটি নীতিমালা প্রণয়ন করেছিল বাংলাদেশ ব্যাংক। তা সত্ত্বেও ব্যাংকারদের যোগসাজশে অথবা প্রতারণার মাধ্যমে ব্যাংক ঋণের অর্থ অন্য খাতে সরিয়ে নেয়ার অভিযোগ রয়েছে। এ পরিপ্রেক্ষিতে ঋণের সদ্ব্যবহার নিশ্চিত করার তাগিদ দিয়ে আবারো সার্কুলার জারি করেছে বাংলাদেশ ব্যাংক। গতকাল ‘ব্যাংকিং প্রবিধি ও নীতি’ বিভাগের মহাব্যবস্থাপক আবু ফরাহ মো. নাছের স্বাক্ষরিত এক সার্কুলারে এ তাগিদ দেয়া হয়েছে। http://bonikbarta.net

বাণিজ্যযুদ্ধের আশঙ্কা সত্ত্বেও বৈশ্বিক শেয়ারবাজারে চাঙ্গাভাব

যুক্তরাষ্ট্রের সঙ্গে প্রধান বাণিজ্য অংশীদারদের বাণিজ্যযুদ্ধের উত্তেজনা ছড়িয়ে পড়লেও বিশ্বব্যাপী শেয়ারবাজারগুলো ক্রমাগত চাঙ্গাভাব বজায় রাখতে সক্ষম হচ্ছে। গতকাল এশিয়ার বেশির ভাগ বাজারই ঊর্ধ্বমুখী অবস্থায় দিন শেষ করেছে। খবর এএফপি, রয়টার্স। ইতালি ও স্পেনে রাজনৈতিক অচলাবস্থার অবসান, মার্কিন শ্রমবাজারের শক্তিশালী ইতিবাচক প্রতিবেদনের ভিত্তিতে বিশ্বের বৃহত্তম অর্থনীতিটির সুসংহত অবস্থানের ইঙ্গিত বিনিয়োগকারীদের আশ্বস্ত করেছে। বাণিজ্যযুদ্ধ নিয়ে বেশ কয়েক সপ্তাহ ধরে শেয়ারবাজারগুলোয় আশঙ্কা বিরাজ করার পর গত সপ্তাহে প্রকাশিত প্রতিবেদনে উঠে এসেছে, মে মাসে যুক্তরাষ্ট্রে প্রত্যাশার চেয়ে বেশি কর্মসংস্থান হয়েছে। ফলে বিশ্বের বৃহত্তম অর্থনীতিটিতে প্রায় পাঁচ দশকের মধ্যে সর্বনিম্ন বেকারত্বের হার বৈশ্বিক শেয়ারবাজারকে চাঙ্গা করেছে।http://bonikbarta.net

ঈদের আগে চিনির দাম বেড়েছে মণে সর্বোচ্চ ৪০ টাকা

দেশে ভোগ্যপণ্যের বৃহত্তম পাইকারি বাজার চট্টগ্রামের খাতুনগঞ্জে রোজার শুরু থেকে চিনির বাজার স্থিতিশীল ছিল। পর্যাপ্ত আমদানি, বাজার নিয়ন্ত্রণে বিভিন্ন ধরনের সরকারি উদ্যোগ পণ্যটির দাম ক্রেতাদের নাগালের মধ্যে রাখতে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছিল। তবে ১৫ রোজার পর থেকে পণ্যটির বাজার পরিস্থিতি বদলাতে শুরু করেছে। স্থানীয় বাজারে তিনদিনের ব্যবধানে প্রতি মণ চিনির দাম সর্বোচ্চ ৪০ টাকা পর্যন্ত বেড়েছে। মিলগেটে সরবরাহ স্বাভাবিক থাকলেও ঈদে বাড়তি চাহিদাকে কারণ দেখিয়ে পাইকারি ব্যবসায়ীরা চিনির দাম বাড়াচ্ছেন বলে অভিযোগ অনেকের। গতকাল খাতুনগঞ্জের পাইকারি আড়তগুলো ঘুরে বাড়তি দামে চিনি বেচাকেনা হতে দেখা গেছে। এ সময় প্রতি মণ চিনি বিক্রি হয় মানভেদে ১ হাজার ৮৮০ থেকে ১ হাজার ৮৯০ টাকায়। আগের দিনও পণ্যটি মণপ্রতি ১ হাজার ৮৭০ থেকে ১ হাজার ৮৭৫ টাকায় বিক্রি হয়েছিল। রোববার স্থানীয় বাজারে প্রতি মণ চিনি বিক্রি হয়েছিল সর্বোচ্চ ১ হাজার ৮৫০ টাকায়। সেই হিসাবে তিনদিনের ব্যবধানে স্থানীয় বাজারে প্রতি মণ চিনির দাম সর্বোচ্চ ৪০ টাকা বেড়েছে। http://bonikbarta.net